ইমেইল বার্তা

প্রতি : পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
থেকে : বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, মায়ামি
নং : ১৯.০২.১০০৫.১০১.৯৯.০০৩.২২-৩৬
তারিখ : ১৮ ফেব্রুয়ারি ২০২৫

দূতালয় প্রধান থেকে পরিচালক (জনকূটনীতি)

পররাষ্ট্র মন্ত্রণালয়ের পত্র নং ১৯.০০.০০০০.৬২৫.০২.০০৩.২২-৪৫ তারিখ ১২ ফেব্রুয়ারি ২০২৫ এর আলোকে 'তারুণ্যের উৎসব ২০২৫' উপলক্ষ্যে এ মিশনের গৃহীত কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ নিম্নোক্ত ছকে প্রেরণ করা হলো।

ইভেন্টের নাম	ইভেন্টের সংখ্যা			অংশগ্রহণকারীর সংখ্যা			অনুষ্ঠানে উপস্থিত গুরুত্বপূর্ণ ব্যক্তিত্ব
	নারী	পুরুষ	মোট	নারী	পুরুষ	মোট	
তারুণ্যের ভাবনায় নতুন বাংলাদেশ শীর্ষক কর্মশালা	-	০১	০১	১০	১০	২০	
তারুণ্য মেলা	২০	১০	৩০	১৫০	১০০	২৫০	
ফ্লোরিডা বাংলাদেশ প্রিমিয়ার লিগ	-	০১	০১	১০০	২০০	৩০০	


তারুণ্যের ভাবনায় নতুন বাংলাদেশ শীর্ষক কর্মশালাঃ

২৯ জানুয়ারি কনস্যুলেট জেনারেল প্রাঙ্গণে মায়ামিতে বসবাসরত তরুণ প্রজন্মদের প্রতিনিধিদের উপস্থিতিতে 'তারুণ্যের ভাবনায় নতুন বাংলাদেশ' শীর্ষক এক কর্মশালা আয়োজন করে। এ কর্মশালায় বিভিন্ন পেশাজীবী, তরুণ উদ্যোক্তা ও ব্যবসায়ীদের অংশগ্রহনে জুলাই-আগস্টের গণঅভ্যুত্থানের আলোকে নতুন বাংলাদেশ গড়তে তরুণদের অংশগ্রহণে বাংলাদেশ সার্বিক উন্নতি বিষয়ে গঠনমূলক আলোচনা করা হয়। এ সময়ে আলোচকরা বিভিন্ন বিষয়ে তাদের অভিজ্ঞতার মাধ্যমে নতুন বাংলাদেশ গঠনে তরুণ প্রজন্মের করণীয় নির্ধারণে কনস্যুলেটের মাধ্যমে সরকারের কাছে তাঁদের আশা-আকাঙ্ক্ষা ব্যক্ত করেন।



তারুণ্য মেলাঃ

১৬ ফেব্রুয়ারি কনস্যুলেট প্রাঙ্গণে তরুণ উদ্যোক্তাদের অংশগ্রহণে তারুণ্য মেলা আয়োজন করা হয়। তরুণ উদ্যোক্তাদের অংশগ্রহণে দেশীয় খাবার, পোশাকসহ বিভিন্ন পণ্যের স্টল দিয়ে সাজানো এ মেলায় প্রায় দুই শতাধিক প্রবাসী বাংলাদেশী অংশগ্রহণ করেন। প্রবাসী বাংলাদেশীদের অংশগ্রহণে একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে মেলার সমাপ্তি হয়।




ফ্লোরিডা বাংলাদেশ প্রিমিয়ার লিগঃ

প্রবাসী বাংলাদেশী ও বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, মায়ামির যৌথ উদ্যোগে এ ক্রিকেট টুর্নামেন্টের আয়োজন করা হয়। ২৮ জানুয়ারি থেকে শুরু হওয়া এ টুর্নামেন্টে ৬৫ জন খেলোয়াড় ৪টি দলে বিভক্ত হয়ে এ টুর্নামেন্টে অংশগ্রহণ করে। আগামী ২১ ফেব্রুয়ারি এ টুর্নামেন্টের ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হবে।

০২. প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

(মো. সামাউন খালিদ)